

## কংগ্রেসের মিডিয়া ঝাঁপ

### অরুণ জেটলি,রাজ্যসভার বিরোধীদলনেতা

২০১১৪র সাধারণ নির্বাচনের আর মাত্র তিনমাস। বেশ কয়েকদফায় হবে নির্বাচন। আশা করা যাচ্ছে বিজ্ঞপ্তি জারির পরেই মার্চের শেষ থেকে প্রচারের ঝড় উঠবে, যা চলবে ২০১৪ র এপ্রিল- মে পর্যন্ত। জানুয়ারি থেকেই খবরের কাগজ,টেলিভিশন ও অন্যান্য মাধ্যমে নির্বাচনী বিজ্ঞাপন শুরু করে দিয়েছে কংগ্রেস। নির্বাচনী বিজ্ঞাপন অত্যন্ত খরচসাপেক্ষ। বিজ্ঞাপনের সাধারণ খরচের পাশাপাশি অনেকেই এর উপরে নির্বাচনী প্রিমিয়াম নিয়ে থাকে। তাই রেট বেড়ে যায় কয়েক গুণ। সাধারণভাবে মনোনয়নপত্র জমা দেওয়ার পরেই বিজ্ঞাপন শুরু হয়, এবং প্রচারের সময়সীমা শেষের দুসপ্তাহ আগে তা তুঙ্গে ওঠে।

নিশ্চিতভাবেই কংগ্রেস প্রচারের জন্য বিশাল টাকা বরাদ্দ করেছে কংগ্রেস। চার মাসের প্রচার কর্মসূচি নেওয়া হয়েছে। প্রস্তাবিত বিজ্ঞাপনের বহর তো বটেই এর মাধ্যমে যে বার্তা কংগ্রেস দিতে চাইছে তাও খুব সন্দিগ্ধ। প্রধানমন্ত্রী পদপ্রার্থী হিসেবে কাউকে তুলে না ধরার সিদ্ধান্ত নিয়েছে কংগ্রেস। কিন্তু কার্যত প্রচারের কেন্দ্রে সেই একজন। যাঁকে সামনে রেখে নির্বাচনী বৈতরনী পাড় হওয়ার কথা ভাবছে কংগ্রেস। এখনও পর্যন্ত যে প্রচার হয়েছে তাতে কোথাও প্রধানমন্ত্রীর উপস্থিতি নজরে আসেনি। ইউপিএ সরকারের কাজকর্ম নিয়েও কোনও কথা খরচ করা হয়নি। এমন কি কংগ্রেস সভানেত্রীর নামেরও উল্লেখ নেই। পুরো প্রচারের কেন্দ্রে রাহুল গান্ধী। আনুষ্ঠানিকভাবে কংগ্রেস কাউকে প্রধানমন্ত্রী পদপ্রার্থী ঘোষণা না করায়, রাহুল গান্ধী প্রধানমন্ত্রী পদপ্রার্থী নন। তাহলে তিনি কেন প্রচারের কেন্দ্রে ?

এর উত্তর খুবই স্বাভাবিক। আনুষ্ঠানিকভাবে রাহুল গান্ধীকে প্রধানমন্ত্রী পদে তুলে ধরতে চাইছেনা কংগ্রেস। কারণ খারাপ ফলের দায়ভার নিতে হবে তাকে। তাই ডি-ফ্যাক্টো প্রার্থী হিসেবে তাঁকে তুলে ধরার বিকল্প পথই নিয়েছে কংগ্রেস। যাতে ইতিবাচক ফল হলে তার কৃতিত্ব রাহুলের উপর বর্তায় কিন্তু ফল খারাপ হলে তার দায় বর্তায় কংগ্রেস পার্টির উপর।

রাহুল গান্ধীর বিজ্ঞাপনে প্রচুর টাকা খরচের কথা কিছুদিন আগেই অস্বীকার করেছে কংগ্রেস। কিন্তু এখন বোঝা যাচ্ছে যে এটা ভুল। কারণ বিজ্ঞাপন না করা হলে প্রার্থীর কাজের কথা কিভাবে সামনে উঠে আসবে ? কিছু নেতা আছেন যারা দলের ভালোর সময় খুবই ভালো ভূমিকা নেন। কিন্তু খারাপ পরিস্থিতি এলেই তাদের ঘরের মত ভেঙে পড়েন। পণ্য ভাল হলেই বিজ্ঞাপন করে বাজার দখল সম্ভব। নচেৎ নয়।